



General Certificate of Education
Advanced Subsidiary Examination
June 2013

Bengali

BENG1

Unit 1 Reading and Writing

Insert

Text to be used when answering Section 1

A

টেমস থেকে বুড়িগঙ্গা

তানির জন্ম টেমসের তীরে। বাল্যকাল থেকে বড়োও হয়েছে লন্ডনের বুকে। কিন্তু বুড়িগঙ্গার তীরে অবস্থিত বাংলাদেশের রাজধানী ঢাকা তার প্রিয় শহর। ঢাকা ওকে বারবার ডাকে। ওর নানার বাড়ি হলো ঢাকায়। তা ছাড়া, ওদের নিজেদেরও একটা বাড়ি আছে গ্রামে। প্রতি বছর ও ওর বাবা-মায়ের সঙ্গে গরমের ছুটিতে বাংলাদেশে বেড়াতে যায়। থাকেও বেশির ভাগ ঢাকাতেই। কিন্তু বাড়ি নয়, তার মন টানে গ্রামবাংলার প্রকৃতি আর সরল সাধারণ মানুষ। অমন ছায়া-ঢাকা পাখি-ঢাকা পরিবেশ তো লন্ডনে মেলে না!

লন্ডন থেকে সে যখন ঢাকায় গিয়ে নামে, তখনই সে দেখতে পায় একেবারে ভিন্ন চেহারার একটি দেশ। তারপর বিমানবন্দরের বাইরে গেলেই শুরু হয় ছোটোবড়ো, পুরোনো-নতুন গাড়ি, বাস, ট্রাক, তিন চাকার অটোরিকশা ইত্যাদির বিকট চিৎকার; এমন কি, সাইকেল-রিকশার ক্রিং ক্রিং শব্দ। এই কানে-তালা-লাগানো শব্দ মাঝরাতেও থাকে না। সে শব্দকে তার সত্যি অসহ্য মনে হয়। কারণ লন্ডনে গাড়িগুলো সাধারণত হর্ন বাজায় না। ঢাকার পরিবেশ শব্দদূষণে ভরা। আর সেখানে কালো ধোঁয়া ভক্ভক্ করে বের হতে থাকে গাড়ির পেছন দিক দিয়ে। ঢাকার আকাশের দিকে তাকালে মনে হয় তা কুয়াশায় ঢাকা। তবে কদিনের মধ্যে তানির সবই সহ্য হয়ে যায়। সে তখন ওটাকেই ভালোবাসতে আরম্ভ করে। লন্ডনে ফিরে শহরটাকে নিঃশব্দ ভৌতিক শহর বলে মনে হয়।

এমনি ঢাকার রাস্তায় গরুও ঘুরতে দেখা যায়। যানবাহনগুলো ট্র্যাফিক আইন একেবারেই মেনে চলে না। লাল আলোর মধ্য দিয়ে গাড়িগুলো চলে যায় হুশ্ হুশ্ করে। আলোগুলো অসহায়ের মতো তাকিয়ে থাকে। ঢাকার রাস্তায় মাঝেমাঝে জেব্রা ক্রসিংও দেখা যায়। কিন্তু সেখানে কোনো গাড়ি থাকে না। লন্ডনের মেয়ে তানি অবাক হয়ে যায়। কারণ লন্ডনে ট্র্যাফিক লাইট এবং জেব্রা ক্রসিং না মানলে জরিমানা দিতে হয়। ড্রাইভিং লাইসেন্সও বাতিল হয়ে যেতে পারে।

ঢাকার রাস্তার আর একটা বৈশিষ্ট্য হলো ফুটপাথ নেই সব জায়গায়। যেখানে আছে সেখানেও তা ভাঙাচোরা; গর্ততে ভরা। এ ছাড়া, ফুটপাথে দোকান সাজিয়ে বসে অসংখ্য ফেরিওয়ালা। কাপড়-চোপড় থেকে আরম্ভ করে বাসন-কোসন, আয়না-চিরুণী, ফলফুল – সবই বিক্রি হয় সেখানে। ফুটপাথের ওপর আর পাশে আবর্জনাও জমা করে রাখা হয়। ফলে ফুটপাথ দিয়ে হাঁটার উপায় নেই। লোকজন চলাচল করে রাস্তার মধ্য দিয়ে। তাই প্রায়ই শোনা যায় লোকজন গাড়ি-চাপা পড়েছে।

ঢাকার পরিবেশ সত্যি দূষণে ভরা। কিন্তু বাংলাদেশের গ্রাম! সেটা এর ঠিক উল্টো। লোকজনের কোলাহল নেই; যানবাহনের চিৎকার নেই; পরিবেশ দূষণ নেই। ‘এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি; সকল দেশের রানী সে যে আমার জন্মভূমি।’